West Bengal State University
B.A./B.Sc./B.Com. (General) Examinations, 2011

PART – III

বাংলা - সাধারণ

চতুর্থ পত্র

Duration : 3 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে কোন **১০টি** শব্দের বাংলা পরিভাষা লিখুন : ১০ × ১ = ১০

Absurd, Bibliography, Catastrophe, Deconstruction, Elegy, Free verse, Genre, Hypercritical, Impressionism, Local colour, Neo-realism, Personification, Refrain, Saga, Tautology, Utopia, Variant, Wit, Prologue, Dialectical.

২। যে কোন **১টি** বিষয় নিয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করুন : ১৫

ক) দ্রব্যমূল্য বৃদ্ধি ও জনজীবনে তার প্রভাব

খ) পর্যটন শিল্পের স্বরূপ ও সম্ভাবনা

গ) বিশ্ব বিজ্ঞান চর্চায় ভারতের ভূমিকা ও অবদান।

অথবা

যে কোন **একটি** বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করুন :

ক) আজকের বাংলা চলচ্চিত্র : সম্ভাবনা ও সীমাবদ্ধতা

খ) রবীন্দ্র সাহিত্য : মানবতার প্রথম ও শেষ কথা।

গ) স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটগল্প ও গল্পকার।

৩। যে কোন **দুটি'র** উদাহরণসহ সংজ্ঞা লিখুন ২ × ৫ = ১০

জোড়কলম শব্দ, সুভাষণ, লোকনিরুক্তি, স্বরলোপ, সাদৃশ্য, সংকর শব্দ, মূর্ধন্যীভবন।

৪। নিম্নলিখিত অংশটিতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (International Phonetic Alphabet) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করুন : ১০

আমাদের দেশে প্রাচীন কাল থেকে সংস্কৃতয় সমস্ত বিদ্যা থাকার দরুন, বিদ্বান এবং সাধারণের মধ্যে একটা অপার সমুদ্র দাঁড়িয়ে গেছে। বুদ্ধ থেকে চৈতন্য রামকৃষ্ণ পর্যন্ত — যাঁরা লোকহিতায় এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন। পাণ্ডিত্য অবশ্য উৎকৃষ্ট, কিন্তু কটমট ভাষা — যা অপ্রাকৃতিক, কল্পিতমাত্র, তাতে ছাড়া কি আর পাণ্ডিত্য হয় না ? চলিত ভাষায় কি আর শিল্পনৈপুণ্য হয় না ?

৫। একজন খ্যাতনামা শিক্ষাবিদের সঙ্গে বর্তমান শিক্ষা-ব্যবস্থার নানা দিক নিয়ে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করুন। ১৫

অথবা

খাস কলকাতায় জনসংখ্যা হ্রাস, বাড়ছে শহরতলিতেও — বর্তমানে জনগণনার প্রেক্ষিতে, এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উদ্দেশ্যে একটি রিপোর্ট রচনা করুন। ১৫

৬। আপনার এলাকার একটি মহাবিদ্যালয়ে অত্যন্ত দরিদ্র ছাত্র-ছাত্রীদের মধ্যে একটি সংঘ প্রয়োজনীয় বইপত্র বিতরণ করতে চায়। সেই সংঘের সম্পাদক হিসেবে মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মহাশয়ের কাছে বিষয়টি জানিয়ে একটি পত্র রচনা করুন।

অথবা

নির্মীয়মান একটি আবাসন প্রকল্পের পক্ষ থেকে ফ্ল্যাট-বাড়ি ক্রয় করবার জন্য আগাম যোগাযোগের জন্য আহ্বান জানিয়ে নির্মাণকর্তার পক্ষ থেকে সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি বিজ্ঞাপন রচনা করুন। ১৫

৭। নিম্নলিখিত যে কোন **একটি** অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করুন :

I have said that in some degree wisdom can be taught. I think that this teaching should have a larger intellectual element than has been customary in what has been thought of as moral instruction. I think that the disastrous results of hatred and narrow-mindedness to those who feel them can be pointed out incidentally in the course of giving knowledge. I do not think that knowledge and morals ought to be too much separated. It is true that the kind of specialized knowledge which is required for various kinds of skill has very little to do with wisdom. But it should be supplemented in education by wider surveys calculated to put it in its place in the total of human activities. Even the best technicians should also be good citizens; and when I say 'citizens' , I mean citizens of the world and not of this or that sect or nation.

অথবা

We all have company manners and home manners. If you were to call on a strange family and to listen through the keyhole — not that I would suggest for a moment that you are capable of doing such a very unlady like or ungentlemanlike thing; but still–if, in your enthusiasm for studying languages you could bring yourself to do it just for a few seconds to hear how a family speak to one another when there is nobody else listening to them, and then walk into the room and hear how very differently they speak in your presence, the change would surprise you. Even when our home manners are as good as our company manners — and of course they ought to be much better — they are always different; and the difference is greater in speech than in anything else.

৮। **(শুধুমাত্র দৃষ্টিহীনদের জন্য)**

নীচের বানানগুলি সংশোধন করুন : ১০ × ১

বাল্মিকী, পিপীলীকা, পৌরহিত্য, প্রতিযোগীতা, উর্দ্ধ, নুপূর, পরিসেবা, বিবমিসা, পৈসাচিক, ভৌগলিক।

অথবা

রোল নং.. , রেজি. নং ....

৮। নিম্নলিখিত কপিটি দেখে প্রুফ কপিটি সংশোধন করুন। (পঃ বঃ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে)। মূল কপি ও সংশোধিত প্রুফ কপি উত্তর-পত্রে অবশ্যই যুক্ত করে দেবেন। রোল এবং রেজি. নম্বর অবশ্যই যথাস্থানে লিখবেন। (যে কোন কুড়িটি)। ২০ × ½

বোধ (পান্ডুলিপি)

জীবনানন্দ দাশ

আলো-অন্ধকারে যাই — মাথার ভিতরে
স্বপ্ন নয় — কোন এক বোধ কাজ করে ;
স্বপ্ন নয় — শান্তি নয় — ভালোবাসা নয়,
হৃদয়ের মাঝে এক বোধ জন্ম লয় !
আমি তারে পারিনা এড়াতে,
সে আমার হাত রাখে হাতে ;
সব কাজ তুচ্ছ হয়, — পন্ড মনে হয়,
সব চিন্তা — প্রার্থনার সকল সময়
শূন্য মনে হয়
শূন্য মনে হয়।

প্রুফ সংশোধন করুন (প্রুফ কপি)

বোধ জীবনানন্দ দাস

আলো অন্ধকারে যাই — মাথার ভিতরে

স্বপ্ন নয় – শান্তি নয় ভালো বাসা নয়,

হৃদয়ের মাঝে এক বোধ জন্ম লয় আমি তারে পারিনা এড়াতে,

সে আমার হাত রাখে হাতে; সব কাজ তুচ্ছ হয়, — পণ্ড মনে হয়,

সব চিন্তা - প্রার্থনার সকল সময় শূন্য মনে হয়

শূণ্য মনে হয়।